

৪। রেজিস্ট্রেশনের আবেদন ফরম জমাদান:

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions যথাযথভাবে ফরমপূরণ করে A4 (৮.৫" × ১১") সাইজের অফসেট সাদা কাগজে প্রিন্ট কপি নিয়ে এর সিরিয়াল নম্বরসহ কলেজ ক্যাশ শাখা হতে রেজিস্ট্রেশন ফি জমাদানের রসিদ সংগ্রহ করে সাউথইস্ট ব্যাংক লিমিটেড, কলেজ বুথ (বিজ্ঞান ভবন) এ নির্ধারিত ফি ১৫৯৫/- (এক হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা জমা করে প্রয়োজনীয় কাগজপত্রসহ ২১/০১/২০১৮ তারিখ সকাল ১০:০০ টা থেকে শুরু করে ০৪/০২/২০১৮ তারিখ বিকাল ২:০০ টার মধ্যে কলা ভবনের নীচ তলার (প্রবেশমুখ) কক্ষে অফিস চলাকালিন জমা দিতে হবে।

ফিসের হার :

(ক) রেজিস্ট্রেশন ফি প্রতিজন	৪৮৫/-
(খ) প্রাথমিক আবেদন ফি প্রতিজন	২৫০/-
(গ) ব্যবস্থাপনা ফি প্রতিজন	১০০/-
(ঘ) পরিবহন ফি প্রতিজন	৬০/-
(ঙ) আই.সি.টি ফি প্রতিজন	৫০/-
(চ) ইনকোর্স ফি	২০০/-
(ছ) অত্যাবশ্যকীয় কর্মচারি ফি	৩৫০/-
(জ) বিবিধ ফি প্রতিজন	১০০/-

মেটি = ১৫৯৫/- (এক হাজার পাঁচশত পঁচানব্বই) টাকা।


৫। যে সকল কাগজপত্র আবেদনপত্রের সঙ্গে জমা দিতে হবে:

- মাধ্যমিক/সমমান এবং উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষা পাসের সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপি এবং সার্টিফিকেট কোর্সের জন্য উল্লিখিত সনদপত্র ও নম্বরপত্রের ০২ (দুই) সেট সত্যায়িত ফটোকপিসহ স্নাতক (পাস) পরীক্ষার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত ০২ (দুই) সেট ফটোকপি জমা দিতে হবে। উভয় ক্ষেত্রে নাম- ঠিকানা উল্লেখপূর্বক বড় খামে মূল সনদপত্র ও নম্বরপত্র জমা দিতে হবে।
 - কোন অধিভুক্ত কলেজের অধ্যক্ষ অথবা কোন প্রথম শ্রেণির গেজেটেড অফিসারের নিকট থেকে চারিত্রিক সনদপত্র এবং পাঠবিয়তির প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।
 - সাদা কাগজে পরীক্ষার্থীর ০৩ (তিন) টি সত্যায়িত নমুনা স্বাক্ষর, সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৪ (চার) কপি ছবি এবং ০২ (দুই) কপি স্ট্যাম্প সাইজ ছবি জমা দিতে হবে। যে কর্মকর্তা নমুনা স্বাক্ষর সত্যায়িত করবেন তিনিই ছবি সত্যায়িত করবেন।
 - সামরিক বাহিনী, পুলিশ, বিজিবি ও আনসার বাহিনীতে চাকুরিরত প্রার্থীদেরকে তাদের চাকুরি ০২ (দুই) বছর পূর্ণ হয়েছে এই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। তাদের চাকুরিতে নিয়োগের তারিখ পরীক্ষার অংশগ্রহণ পর্যন্ত চাকুরিতে বহাল থাকার বিবরণ এবং পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে ইত্যাদি বিষয় প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
 - সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দিতে হবে। পরীক্ষার সময় তাকে পরীক্ষায় অংশগ্রহণের জন্য ছুটি মঞ্জুর করা হবে এই মর্মে প্রত্যয়নপত্রে উল্লেখ থাকতে হবে।
- ৬। জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত কেন্দ্রে প্রাইভেট পরীক্ষার্থীদের পরীক্ষা দিতে হবে। বিশ্ববিদ্যালয়ের বিনা অনুমতিতে প্রাইভেট পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন করা যাবে না।
- ৭। কোন শিক্ষার্থী কারাগারে অবস্থানরত অবস্থায় রেজিস্ট্রেশনের আবেদন করার সুযোগ নেই।

৮। পাঠ্যক্রম পাঠ্যসূচি :


- ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) কোর্সে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থীগণ যে পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে প্রাইভেট পরীক্ষার্থীগণও সেই পাঠ্যক্রম ও পাঠ্যসূচি অনুসরণ করবে।
- রেজিস্ট্রেশন/পরীক্ষা সংক্রান্ত বিষয়ে যদি কোন ভুলত্রুটি অথবা রেজিস্ট্রেশন/পরীক্ষা বাতিলের কোন প্রশ্ন উঠে তাহলে জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
 - নিয়মাবলীতে বর্ণিত সকল শর্ত পূরণ না করলে কোন প্রার্থীকে রেজিস্ট্রেশন প্রদান করা হবে না।
 - আদালতে বিচারাধীন/দস্তপ্রাপ্ত ব্যক্তিগণ প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য পালনীয় শর্তাবলি পূরণ, উত্তম আচরণের প্রত্যয়নপত্র প্রদান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অনুমতিক্রমে প্রাইভেট/সার্টিফিকেট কোর্সের পরীক্ষার্থী হিসেবে অত্র বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
 - ভাকযোগে বা কুরিয়র সার্ভিসে প্রেরিত কোন ব্যাংক ড্রাফট ও উল্লিখিত কাগজপত্রাদি গ্রহণ করা হবে না। বিস্তারিত জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট www.admission.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions এ ক্লিক করুন।
- বিঃদ্র: আবেদনকারীকে আবেদন ফরম জমাদানের সময় টাকা জমা দানের রসিদের নম্বর ও মোবাইল নম্বর অবশ্যই উল্লেখ করে রেজিস্টার খাতায় স্বাক্ষর করতে হবে।

প্রতি স্বাক্ষর



অধ্যক্ষ

দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর



(মো: রোজাহিন)

আহ্বায়ক

১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণি ভর্তি কমিটি ২০১৭-২০১৮
দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর